



বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শিল্পায়নের পাশাপাশি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি, বর্হিবিশ্বে দেশের সুনাম, মানবিক মূল্যবোধ ও সামাজিক দায়বদ্ধতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক (এরূপ সরকারী ও বেসরকারী খাতে যেখানে কর্মরত শ্রমিকের কাজের বা চাকুরীর শর্ত ইত্যাদি বিদ্যমান শ্রম আইন ও তদাধীন প্রণীত বিধি-বিধানের আওতায় নির্ধারিত কিংবা নিয়ন্ত্রিত) ও অপ্রাতিষ্ঠানিক (এরূপ বেসরকারী খাত যেখানে কর্মরত শ্রমিকের বা চাকুরীর শর্ত ইত্যাদি বিদ্যমান শ্রম আইন ও তদাধীন প্রণীত বিধি-বিধানের আওতায় নির্ধারিত কিংবা নিয়ন্ত্রিত নহে এবং যেখানে কর্মরত শ্রমিকদের সংগঠিত হওয়ার সুযোগ অত্যন্ত সীমিত) খাতে নিয়োজিত শ্রমিক ও শ্রমিকদের পরিবারের কল্যাণ সাধনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে 'বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন' প্রতিষ্ঠা করা হয়েছে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে শ্রমিকদের কল্যাণার্থে নিম্নোক্ত খাতসমূহে অর্থ সহায়তা প্রদান করা হয় :

১. কর্মরত অবস্থায় দুর্ঘটনায় কোন শ্রমিক দৈহিক বা মানসিকভাবে স্থায়ী অক্ষম বা অসমর্থ হলে অথবা তার মৃত্যু ঘটলে সংশ্লিষ্ট শ্রমিক অথবা তার পরিবারকে এককালীন অনধিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা;
২. দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য অনধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
৩. কোন শ্রমিকের মেধাবী সন্তানের সাধারণ শিক্ষার ক্ষেত্রে অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে সরকারি মেডিকেল কলেজ এবং সরকারি কৃষি / প্রকৌশল / প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ সরকারি অন্যান্য বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি, শিক্ষা উপকরণ ও অন্যান্য ব্যয় নির্বাহ বাবদ অনধিক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা;
৪. কর্মরত অবস্থায় দুর্ঘটনাজনিত কারণে কোন শ্রমিকের জরুরী চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা;
৫. মৃতদেহ পরিবহন ও সৎকারের জন্য অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা;
৬. অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরত মহিলা শ্রমিকের মাতৃত্ব কল্যাণে অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা;
৭. এছাড়াও, অপ্রাতিষ্ঠানিক শ্রমিকদের জীবন বীমাকরণের জন্য যৌথ বীমার প্রবর্তন এবং এ খাতে সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠানকে উল্লেখযোগ্য পরিমাণ প্রিমিয়াম পরিশোধ।

“শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল” হতে আর্থিক সহায়তা প্রাপ্তির পদ্ধতি

“শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল” হতে আর্থিক সহায়তা প্রাপ্তির লক্ষে নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদন ফর্ম শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mole.gov.bd) পাওয়া যাবে। এছাড়া, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম পরিদপ্তরের প্রধান কার্যালয় ও স্থানীয় কার্যালয়ে যোগাযোগ করেও আবেদন ফর্ম সংগ্রহ করা যাবে। কোন নিবন্ধিত সংগঠনের সদস্যগণ অথবা প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক সেক্টরের শ্রমিকগণ একত্রে যৌথ বীমায় অন্তর্ভুক্ত হবার জন্য ফাউন্ডেশনের মহাপরিচালকের সাথে যোগাযোগ করতে পারেন।